

১৫৭

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 2.5 MAY 1997 ...

পৃষ্ঠা: ৩ কলাম ১

আগামীকাল রিপোর্ট পেশ

জা.নগর ভাসিটিতে
প্রশ্নপত্র ফাঁসের জন্য
৬ জন দায়ী

ইকতেখার আহমেদ II জাহা-
ঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের গণিত
বিভাগের ভতি পরীক্ষার প্রশ্নপত্র
ফাঁস সংক্রান্ত তদন্ত কমিটি প্রশ্নপত্র
(২য় পৃ: ৫-এর ক: ৩:)

জা'নগর ভাসিটিতে

(শেষ পৃ: পর)

ফাঁসের জন্য বিশ্ববিদ্যালয়ের একজন
কর্মচারী, ২ জন শিক্ষক এবং ৬ জন
ছাত্রকে দায়ী করিয়াছে। গত ১৩ই
মে গণিত বিভাগের ভতি পরীক্ষার
৪ সেট প্রশ্নপত্র ফাঁসের প্রেক্ষিতে
গঠিত তদন্ত কমিটি ইতিমধ্যে তাহাদের
রিপোর্ট চূড়ান্ত করিয়াছে। প্রফেসর
মাসুমের নেতৃত্বাধীন ৪ সদস্যবিশিষ্ট
কমিটি আগামীকাল সোমবার এই
রিপোর্ট ভিসির নিকট পেশ করিবে।

চূড়ান্ত রিপোর্টে বলা হয়, প্রশ্ন-
পত্র স্টেনসিল করার সময় গণিত
বিভাগের লাইব্রেরী সহকারী আব্দুল
জলিল ৪ সেট প্রশ্নপত্র সরাইয়া
ফেলে। এই সময় কর্তব্যরত দুইজন
শিক্ষককে তদন্ত কমিটি দায়িত্ব অব-
হেলার জন্য দায়ী করিয়াছে। রিপোর্টে
বলা হয়, প্রশ্নপত্র ফাঁসের সহিত
একটি চক্র কাজ করিয়াছে যাহার মধ্যে
বিশ্ববিদ্যালয়ের ৬জন ছাত্রও জড়িত।
এই কাজে বিরাট অংকের আর্থিক
লেনদেনও হইয়াছে। রিপোর্টে
উল্লেখ করা হয়, কম্পিউটার ও
ইলেকট্রনিক বিভাগের একজন ছাত্রের
বাড়ীতে (নয়ারহাট) পরীক্ষার পূর্বদিন
(১২ই মে) ১০ জন ছাত্র ও ১ জন
ছাত্রী ফাঁসকৃত প্রশ্নপত্রের উত্তর ও
সমাধান করিয়াছে। ইহাছাড়া গাভা-
রের সুরভী হোটেল এবং সিএনবি
বাসষ্ট্যাণ্ডের একটি দোকানে প্রশ্নপত্র
বিক্রয়ের জন্য রাখা হইয়াছিল।

প্রায় প্রতি বছর এই বিশ্ববিদ্যা-
লয়ের ভতি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস
হওয়া সত্ত্বেও নিশ্চিত ব্যবস্থা গ্রহণ
ও জড়িতদের শাস্তি না দেওয়ায়
ইহার পুনরাবৃত্তি হইতেছে বলিয়া
রিপোর্ট উল্লেখ করা হইয়াছে।